

যায়যায়দিন

তারিখ: ০২ FEB 2008

পৃষ্ঠা: ৩

১০/০২/০৮

ব্র্যাকের সহযোগিতায় ৪০৯ দরিদ্র

শিক্ষার্থীর উচ্চ শিক্ষার সুযোগ

বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের সহযোগিতায় ২০০৭ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ৪০৯ দরিদ্র মেধাবী শিক্ষার্থী বিনা খরচে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পড়াশোনার সুযোগ পেয়েছে। তাদের অধিকাংশই দিনমজুর, রিকশা চালক, ক্ষুদ্র কৃষক বা শ্রমিকের সন্তান। ব্র্যাকের পেইস কর্মসূচির আওতায় পরিচালিত এ উদ্যোগে শিক্ষার্থীদের কলেজে ভর্তির ফি, বই ও অন্যান্য শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য এককালীন অনুদান ও মাসিক ভাতা দেয়া হয়। এছাড়া মেয়ে শিক্ষার্থীদের আনুষঙ্গিক খরচের জন্য প্রতি মাসে দেয়া হয় বাড়তি টাকা। দুই বছর মেয়াদে এ কার্যক্রমে প্রতি ছেলে শিক্ষার্থীর জন্য ১৯ হাজার ৪০০ টাকা এবং মেয়ের জন্য ২৩ হাজার ৮০০ টাকা ব্যয় করা হবে। মোট ব্যয় হবে ১ কোটি ৪৪ লাখ টাকা। বিজ্ঞপ্তি